23

দৈনিক ইত্তেফাক

তারিখ JUL 23 1999
পৃঃ ৪ কলাম ৫

# ৪ বৎসরেও সার্টিফিকেট শিক্ষা প্রতিষ্ঠানে পৌঁছায় নাই

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল, আলিম ও ফাযিল পরীক্ষার সার্টিফিকেট দীর্ঘ চার বৎসর পরও ছাত্র-ছাত্রীরা হাতে পায় নাই। শিক্ষা প্রতিষ্ঠানে যোগাযোগ করিলে জানা যায় যে, এখন পর্যন্ত মূল সার্টিফিকেট তৈরি হয় নাই। কত বৎসর পর বোর্ড সার্টিফিকেট তৈরি করিবে এবং ছাত্র-ছাত্রীরা সেই সার্টিফিকেট হাতে পাইবে এবং চাকুরী লাভের জন্য কাজে লাগাইতে পারিবে ইহাই প্রশ্ন। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষ দৃষ্টি দেওয়ার অনুরোধ জানাইতেছি।

আঃ জলিল খান,
বামনা, বরগুনা